দিল্লিতে শেখ হাসিনা-মোদি বৈঠক ৫ অক্টোবর

আগামী ৫ অক্টোবর দিল্লিতে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার মধ্যে দ্বিপক্ষীয় বৈঠক হবে বলে পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে। আগামী ৩ অক্টোবর ভারতের উদ্দেশে রওনা হবেন প্রধানমন্ত্রী।

আজ রবিবার পররাষ্ট্রমন্ত্রী এ কে আবদুল মোমেন সাংবাদিকদের বলেন, ৩ থেকে ৫ অক্টোবর ইনডিয়ান ইকনোমিক ফোরামে যোগ দেবেন প্রধানমন্ত্রী। দ্বিপক্ষীয় বৈঠকটি হবে ৫ অক্টোবর।

চীনে বাংলাদেশের পরবর্তী রাষ্ট্রদূত মাহবুব উজ জামানের দেওয়া এক মধ্যাহ্নভোজের অনুষ্ঠানে সাংবাদিকদের সঙ্গে কথা বলছিলেন পররাষ্ট্রমন্ত্রী।